





# এক নজরে বিদ্যুৎ খাতের অর্জন




মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১৯ সেপ্টেম্বর ২০১৪ তারিখে গোপালগঞ্জের টুঙ্গিপাড়া ও কোটালীপাড়ায় পল্লী বিদ্যুৎ সমিতি শুভ উদ্বোধন



১০০০০ মেগাওয়াট মাইল ফলক অর্জনে আলোক উৎসব ২০১৩




মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৩১ ডিসেম্বর ২০১১ তারিখে গোপালগঞ্জ ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন




গোপালগঞ্জ ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র

## বিদ্যুৎ খাত উন্নয়নের তুলনামূলক চিত্র

বিগত পাঁচ বছরে সরকারি ও বেসরকারি খাতে ৬৫টি নতুন বিদ্যুৎ কেন্দ্র বাণিজ্যিক ভিত্তিতে চালুকরণ এবং ভারত হতে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানির ফলে দেশের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ১১ হাজার মেগাওয়াটের মাইলফলক অতিক্রম করেছে। নিম্নে বিগত পাঁচ বছরে বিদ্যুৎখাত উন্নয়নের তুলনামূলক চিত্র দেয়া হলো:

| বিষয় | ২০০৯ | ২০১৪ | অর্জন | |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | (৩-২)=৪ | |
| বিদ্যুৎ কেন্দ্রের সংখ্যা | ২৭ | ৯২ | (+) | ৬৫ |
| বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা (মেগাওয়াট) | ৪,৯৪২ | ১১,২৬৫* | (+) | ৬,৩২৩ |
| সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন (মেগাওয়াট) | ৩,২৬৮ (৬ জানু' ০৯) | ৭,৪১৮ (১৮ জুলাই' ১৪) | (+) | ৪,১৫০ |
| ভারত থেকে বিদ্যুৎ আমদানি (মেগাওয়াট) | - | ৫০০ | (+) | ৫০০ |
| মোট সঞ্চালন লাইন (সা.কি.মি.) | ৮,০০০ | ৯,৫৩৬ | (+) | ১,৫৩৬ |
| গ্রীড সাব-স্টেশন ক্ষমতা (এমভিএ) | ১৫,৮৭০ | ২৩,০০০ | (+) | ৭,১৩০ |
| মোট বিতরণ লাইন (কি.মি.) | ২ লক্ষ ৬০ হাজার | ৩ লক্ষ ৩ হাজার | (+) | ৪৩ হাজার |
| নবায়নযোগ্য জ্বালানি থেকে বিদ্যুৎ উৎপাদন (মেঃওঃ) | ২৩০ | ৪০৪ | (+) | ১৭৪ |
| সোলার হোম সিস্টেম স্থাপন | ৪০ হাজার | ৩৩ লক্ষ | (+) | ৩২.৬০ লক্ষ |
| সোলার সেচ পাম্প স্থাপন | - | ১৯৩ | (+) | ১৯৩ |
| প্রি-পেইড মিটার স্থাপন | - | ৬০ হাজার | (+) | ৬০ হাজার |
| বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী (%) | ৪৭ | ৬৮ | (+) | ২১ |
| মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন (কি.ও.ঘন্টা) | ২২০ | ৩৪৮ | (+) | ১২৮ |
| বিদ্যুৎ গ্রাহক সংখ্যা | ১ কোটি ০৮ লক্ষ | ১ কোটি ৫৪ লক্ষ | (+) | ৪৬ লক্ষ |
| সেচ সংযোগ সংখ্যা | ২ লক্ষ ৩৪ হাজার | ৩ লক্ষ ০৮ হাজার | (+) | ৭৪ হাজার |
| সামগ্রিক সিস্টেম লস (%) | ১৮.৪৫ | ১৪.১৩ | (-) | ৪.৩২ |




* ক্যাপটিভ ও সোলার ব্যতীত




বাংলাদেশ -ভারত বিদ্যুৎ সঞ্চালন কেন্দ্রের শুভ উদ্বোধন অনুষ্ঠান (৫ অক্টোবর ২০১৩)

## ২.১ বিগত পাঁচ বছরে বিদ্যুৎ খাতের উল্লেখযোগ্য অর্জন

- ১১,১২৬ মেগাওয়াট ক্ষমতার ৭৬টি বিদ্যুৎ কেন্দ্রের জন্য চুক্তি স্বাক্ষর;
- বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা দ্বিগুণে উন্নীতকরণ (৪,৯৪২ মেগাওয়াট হতে ১১,২৬৫* মেগাওয়াট);
- ২০১৮ সালের মধ্যে অতিরিক্ত ৯,৬৪৩ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের কার্যক্রম গ্রহণ;
- রূপপুরে পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে রাশিয়ার সাথে চুক্তি স্বাক্ষরকরণ;
- ৩ কোটি মানুষের জন্য বিদ্যুৎ সুবিধা সৃষ্টি;
- বিদ্যুতের সামগ্রিক সিস্টেম লস ১৪.১৩% এ হ্রাসকরণ;
- সেচ কাজে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ;
- লোড শেডিং ন্যূনতম পর্যায়ে নামিয়ে আনা;
- বিদ্যুৎ খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠাকরণ;
- বিদ্যুৎ খাতে ডিজিটাল পদ্ধতির প্রবর্তন;
- গ্রাহক সেবার মান উন্নয়ন;



বাংলাদেশ ও চীনের মধ্যে ৯ জুন ২০১৪ তারিখে ১৩২০ মেঃওঃ থার্মাল পাওয়ার প্লান্ট এর চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

* ক্যাপটিভ ও সোলার ব্যতীত



মেঘনাঘাট ৩৩৫ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র



সাবস্টেশন




মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ০৭ নভেম্বর ২০১০ তারিখে দাউদকান্দি ৫০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের ভিত্তি প্রস্তর স্থাপন




মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২৮ মার্চ ২০১২ তারিখে হাটহাজারী ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন




মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৮ সেপ্টেম্বর ২০১০ তারিখে শিকলবাহা ১৫০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন



শিকলবাহা ১৫০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র